দৈনিক
ইনকিলাব

তারিখ 20 APR 2012
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪

গুলশান বনানী ও বারিধারায় অর্ধশত শিক্ষাপ্রতিষ্ঠান ভেঙে ফেলার নির্দেশ রাজউকের

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীর গুলশান, বনানী ও বারিধারা অভিজাত এলাকার অর্ধশত শিক্ষা প্রতিষ্ঠান ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের ভবনকে 'ইমারত নির্মাণ আইন- ১৯৫২' অনুযায়ী অবৈধ উল্লেখ করে ৭ দিনের মধ্যে ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে রাজউক। গত ২৯ মার্চ রাজউকের অথোরাইজড অফিসার স্বাক্ষরিত চূড়ান্ত নোটিশে এ আদেশ দেওয়া হয়। সাত দিনের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলো ভেঙে না ফেললে রাজউক নিজেই ভেঙে দেবে বলে জানিয়েছে। সে ক্ষেত্রে ভাঙার খরচ শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকেই আদায় করা হবে। জানা যায়, আরও ৭ দিন আগে ২০ বা ২১ এপ্রিল রাজউক থেকে এসব শিক্ষা প্রতিষ্ঠানকে গুলশান আবাসিক এলাকায় অবৈধভাবে ইমারত পরিচালনা কেন বন্ধ রাখা হবে না বা ভেঙে ফেলা হবে না এ মর্মে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। এসব প্রতিষ্ঠানের সত্বাধিকারীরা জানান, এ ধরনের অতর্কিত নোটিশে তারা অবাক হয়েছেন। তারা জানান, শিক্ষা মন্ত্রণালয়, সিটি কর্পোরেশন ও রাজউকের অনুমোদন নিয়েই এসব প্রতিষ্ঠান চালু করা হয়েছিল। ৭ দিনের মধ্যে একটি শিক্ষা প্রতিষ্ঠান সরিয়ে ফেলা সম্ভব নয় বলে তারা জানান।

ইমারত নির্মাণ আইন লঙ্ঘন

রাজউক থেকে যেসব শিক্ষা প্রতিষ্ঠানকে ভবন ভেঙে ফেলতে নির্দেশ দেওয়া হয়েছে, সেগুলোর মধ্যে রয়েছে বনানীর আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি), সাউথইস্ট ইউনিভার্সিটি, প্রাইম এশিয়া ইউনিভার্সিটি, অতীশ দীপঙ্কর ইউনিভার্সিটি, ইনস্টিটিউট অব রিসোর্সেস ইনস্টিটিউট, সাউথ এশিয়া ইউনিভার্সিটি, রয়েল ইউনিভার্সিটি, ড্যাফোডিল ইউনিভার্সিটি, অন্বেষা স্কুল, ইঞ্জিনিয়ার্স ইন্টারন্যাশনাল স্কুল, বিকন স্কুল, লন্ডন স্কুল, ডিআইটি স্কুল।

গুলশান এলাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে রয়েছে, গ্রীন ডেল্টা স্কুল, গ্রেস ইন্টারন্যাশনাল স্কুল, কানাডিয়ান ট্রিনিনিয়াম স্কুল, কানাডিয়ান ইন্টারন্যাশনাল স্কুল, কলাস্টিকা স্কুল, চিটাগাং গ্রামার স্কুল, বাংলাদেশ ইন্টারন্যাশনাল টিউটোরিয়াল (বিআইটি), ইন্টারন্যাশনাল তুর্কিশ হোপ স্কুল, রিজেন্ট কলেজ, সি ব্রিজ ইন্টারন্যাশনাল স্কুল, ম্যাপল বিয়ার দ্য কানাডিয়ান স্কুল, গুলশান ইন্টারন্যাশনাল স্কুল, ইউরো কিডস ইন্টারন্যাশনাল স্কুল, ভিশন গ্লোবাল স্কুল, অস্ট্রেলিয়ান ইন্টারন্যাশনাল স্কুল, ইসলামিক ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ, দ্য সিটি স্কুল ইন্টারন্যাশনাল, ড্রেক্সেল ইন্টারন্যাশনাল স্কুল, ব্রিটিশ স্কুল অব ল, টাইম ইন্টারন্যাশনাল স্কুল, ডন গ্রামার স্কুল, প্যারাডানা কলেজ।

বারিধারায় রয়েছে মার্টিন লুথার কলেজ, স্যার জন উইলসন কলেজ, বিজনেস টিউটোরিয়াল অ্যান্ড আর্ট স্কুল, বারিধারা রাজউক স্কুল, সিডনি ইন্টারন্যাশনাল স্কুল, সাউথ পয়েন্ট স্কুল অ্যান্ড কলেজ, ফিউচার এইড ইংলিশ ল্যাংগুয়েজ সেন্টার অ্যান্ড কলেজ।